

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১০৬৫

১/ বিবিধ

আরবী

النظرة سهم من سهام إبليس من تركها خوفا من الله آتاه الله إيمانا يجد حلاوته في قلبه  
ضعيف جدا

رواه القضاعي في "مسند الشهاب" (21/1) عن إسحاق بن سيار النصيبي قال:  
أخبرنا إسحاق بن عبد الواحد الموصلي عن هشيم عن عبد الرحمن بن إسحاق عن  
محارب ابن دثار عن صلة بن زفر عن حذيفة مرفوعا  
ثم رواه من طريق إبراهيم يعني ابن سليمان قال: أخبرنا أرطاة بن حبيب قال  
أخبرنا هشيم عن عبد الرحمن بن إسحاق عن محارب بن دثار عن ابن عمر مرفوعا  
ورواه الحاكم (4/313 - 314) من طريق إسحاق بن عبد الواحد القرشي  
حدثنا هشيم به، وقال: صحيح الإسناد، ورده الذهبي بقوله  
إسحاق واه، وعبد الرحمن هو الواسطي ضعفه  
وقال المنذري (3/63)

خرجه الطبراني والحاكم من رواية عبد الرحمن بن إسحاق الواسطي وهو واه  
قلت: فهو آفة الحديث لسلامة الطريق الأخرى عند القضاعي من إسحاق بن عبد  
الواحد والواسطي ضعيف جدا، واتفقوا على تضعيفه كما قال النووي وغيره

বাংলা

১০৬৫। দৃষ্টি প্রদান হচ্ছে ইবলীসের তীরগুলোর একটি তীর। যে ব্যক্তি আল্লাহকে ভয় করে তা পরিত্যাগ করবে আল্লাহ তার নিকট এমন এক ঈমান আনবেন যে, সে তার হৃদয়ে তার মধুরতা অনুভব করবে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি কাযাঈ “মুসনাদুশ শিহাব” গ্রন্থে (১/২১) ইসহাক ইবনু সাইয়ার নাসীবী হতে, তিনি ইসহাক ইবনু আব্দিল ওয়াহেদ মুসেলী হতে, তিনি হুশায়েম হতে, তিনি আব্দুর রহমান ইবনু ইসহাক হতে, তিনি মুহারেব ইবনু দিছার হতে, তিনি সেলাহ ইবনু যুফার হতে, তিনি হুযায়ফাহ (রাঃ) হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

অতঃপর তিনি ইবরাহীম ইবনু সুলায়মান সূত্রে আরতাত ইবনু হাবীব হতে, তিনি হুশায়েম হতে ... বর্ণনা করেছেন।

হাকিম (৪/৩১৩-৩১৪) ইসহাক ইবনু আব্দিল ওয়াহেদ কুরাশী হতে, তিনি হুশায়েম হতে ... বর্ণনা করেছেন।  
অতঃপর বলেছেনঃ সনদটি সহীহ। হাফিয় যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ  
ইসহাক খুবই দুর্বল। আর আব্দুর রহমান হচ্ছেন ওয়াসেতী, তাকে মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন।

মুনযেরী (৩/৬৩) বলেনঃ হাদিসটি ত্ববারানী ও হাকিম আব্দুর রহমান ইবনু ইসহাক ওয়াসেতীর বর্ণনা হতে বর্ণনা করেছেন। তিনি খুবই দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ তিনিই হাদীসটির সমস্যা অন্য একটি নিরাপদ সূত্রে কাযাঈর নিকট ইসহাক ইবনু আব্দিল ওয়াহেদ হতে বর্ণিত হওয়ার কারণে।

ওয়াসেতী খুবই দুর্বল। তার দুর্বল হওয়ার বিষয়ে সকলে ঐকমত্য পোষণ করেছেন যেমনটি ইমাম নাবাবী ও অন্যরা বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71944>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন